দৈনিক ইনকিলাব

তারিখ ........
পৃষ্ঠা ২ কলাম ৬

SEP. 30 2002

# ইউনানী ও আয়ুর্বেদিক ডিপ্লোমা কোর্সে ভর্তি

ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ডের অধীনে সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতির শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০০২-২০০৩ শিক্ষা বর্ষে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। যেসব ইউনানী কলেজে ভর্তি করা হবে ঃ সরকারী তিব্বিয়া কলেজ, চালিবন্দর, সিলেট; তিব্বিয়া হাবিবিয়া কলেজ, ২৫, উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা; চট্টগ্রাম ইউনানী তিব্বিয়া কলেজ, ২৮৮/২৯৮, চন্দনপুরা, পশ্চিম গলি, সিরাজদৌলা রোড, চট্টগ্রাম; চাঁদপুর ইউনানী তিব্বিয়া কলেজ, পুরান বাজার, চাঁদপুর; ভোলা ইসলামিয়া ইউনানী কলেজ, সদর রোড, ভোলা; খুলনা ইউনানী মেডিকেল কলেজ, ৭/১, দোলখোলা লেন, খুলনা; মোমেনশাহী ইউনানী মেডিকেল কলেজ, ডেঙ্গু বেপারী রোড, ময়মনসিংহ; বগুড়া ইউনানী মেডিকেল কলেজ, আশ্রম সুলতানগঞ্জ পাড়া, গোয়ালগড়ী, বগুড়া; আকবর আলী খান কারিগরী ও বাণিজ্য মহাবিদ্যালয়, গৌরীপুর, কুমিল্লা; ইউনান তিব্বিয়া কলেজ, উকিলপাড়া, ফেনী।

আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ঃ মোমেনশাহী আয়ুর্বেদিক কলেজ, স্টেশন রোড, ময়মনসিংহ; নূর মজিদ আয়ুর্বেদিক কলেজ, ৮৮/১, আর্মেনিয়া স্ট্রীট, আর্মানিটোলা, ঢাকা; মোজাহের আয়ুর্বেদিক কলেজ, কদম মোবারক মুসলিম এতিমখানা ভবন, ৪০, মোমিন রোড, চট্টগ্রাম; কুণ্ডেশ্বরী আয়ুর্বেদিক কলেজ, কুণ্ডেশ্বরী ভবন, গহিরা, চট্টগ্রাম; শ্রীহট্ট সংস্কৃতি কলেজ, মিরের ময়দান, সিলেট; প্রফুল্ল সিংহ আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, হাবিবুর রহমান রোড, মাগুরা; অমৃত লাল দে আয়ুর্বেদ ও ইউনানী মহাবিদ্যালয়, হাসপাতাল রোড, বরিশাল।

ভর্তির যোগ্যতা ঃ ইউনানী ও আয়ুর্বেদিক উভয় ক্ষেত্রেই ভর্তি হতে হলে প্রার্থীকে অন্তত এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

আবেদনের শেষ তারিখ ঃ আগামী ১০ অক্টোবরের মধ্যে উল্লেখিত কলেজসমূহ থেকে আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়া যাবে। বিস্তারিত জানার জন্য রেজিস্ট্রার ইন-চার্জ, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ৭৫/বি, ইন্দিরা রোড, ঢাকা এই ঠিকানায় যোগাযোগ করতে হবে।

❑ আবু ইসা খান